

# অনলাইনে দ্বৈত নাগরিকত্ব সনদের আবেদন সংক্রান্ত নির্দেশিকা

অনলাইনে দ্বৈত নাগরিকত্ব সনদের আবেদন দাখিলের ধাপসমূহ (চিত্র সহকারে) নিম্নে বর্ণনা করা হলো:


**ধাপ: ১** ব্রাউজার হতে [scs.ssd.gov.bd](http://scs.ssd.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।




'**Dual Citizenship**' বক্সে '**Apply Now**' বাটনে ক্লিক করলে নিচে চিত্রে প্রদর্শিত মত একটি নতুন উইন্ডো আসবে। উল্লেখ্য '**Already Applied**' বাটনে ক্লিক করলে সফলভাবে দাখিলকৃত আবেদনকারীর আবেদনের সর্বশেষ অবস্থা দেখা যাবে এবং আবেদন অনুমোদিত হলে **Dual Citizenship** এর ডিজিটাল সনদ **Download** করে নেয়া যাবে।




ব্যক্তিগত **g-mail account** দিয়ে লগ-ইন সম্পন্ন করা হলে আবেদন ফরম সম্বলিত আরেকটি উইন্ডো ওপেন হবে।





***চিহ্নিত অংশ আবশ্যিকভাবে পূরণ করতে হবে;**

**বিকল্প পদ্ধতি:**


স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটের (**www.moha.gov.bd**) 'দ্বৈত নাগরিকত্ব' সেবা বক্স -এর '**অনলাইন আবেদন**' লিঙ্কে ক্লিক করুন।




নিচে চিত্রে প্রদর্শিত মত একটি নতুন উইন্ডো আসবে। চিত্রে হাইলাইট করা অংশে '**ক্লিক**' লিঙ্কে প্রবেশ করুন।



নিচে চিত্রে প্রদর্শিত মত একটি নতুন উইন্ডো আসবে।





ব্যক্তিগত **g-mail account** দিয়ে লগ-ইন সম্পন্ন করা হলে আবেদন ফরম সম্বলিত আরেকটি উইন্ডো ওপেন হবে।




***চিহ্নিত অংশ আবশ্যিকভাবে পূরণ করতে হবে;**

**ধাপ: ২** আবেদন ফরমে উল্লিখিত তথ্য পূরণ করে আবেদন ফরমের নিচে ডান দিকে **'next'** বাটন ক্লিক করে পরবর্তী তথ্য পূরণ করে নিতে হবে। এভাবে ৫ টি ট্যাবে **(Basic Information, Address Information, Passport Information, Attached and Declaration, Payment Information)** তথ্য পূরণ করে তথ্য পূরণ সম্পন্ন করতে হবে।




**ধাপ:** ৩ সর্বশেষ ধাপ **Payment Information -** এ তথ্য পূরণ করে **'Pay Now'** বাটন ক্লিক করে অনলাইন – **Payment Option –** বাছাই করে নির্ধারিত আবেদন ফি প্রদান করতে হবে। নির্ধারিত আবেদন ফি প্রদান সম্পন্ন হলে আবেদন সফলভাবে দাখিল হবে।

অনলাইনে ফি (আবেদন দাখিলের শেষ পর্যায়ে) প্রদানের পাতায় Contact Number অপশনে + (Plus) Sign সহ বা ছাড়া ন্যুনতম 11digit লিখতে/টাইপ করতে হবে।

**অনলাইন পেমেন্ট সম্পর্কিত অধিকতর তথ্য:**
বিদেশ থেকে আবেদনের ক্ষেত্রে **VISA, Master, AMEX Card** ব্যবহার করা যাবে।
**ফি'র পরিমাণ:** ৮৪ (চুরাশি মার্কিন ডলার) **VAT/ Tax** এবং **Transaction Charge** ব্যতিত।

বাংলাদেশ থেকে আবেদনের ক্ষেত্রে **VISA, Master, AMEX, NEXSUS Card,** বিভিন্ন ব্যাংকের **Internet Banking**, সব ধরণের মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, সেলফিন, উপায়, ট্যাপ ইত্যাদি) ব্যবহার করা যাবে।
**ফি'র পরিমাণ:** ১০,০০০/= (**দশ হাজার টাকা**) **VAT/Tax এবং Transaction Charge ব্যতিত।**

**আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্য প্রদানের পর নিম্নের ডকুমেন্টের PDF কপি আপলোড করতে হবে:**
(a) Foreign Passport
(b) Birth Registration Certificate/Bangladeshi Passport/NID/Passport of Parents/NID of Parents
(c) Foreign Birth registration/Citizenship/Naturalization Certificate
(d) Affidavit/Notary Public on non judicial stamp of 300 TK

**উল্লেখ্য আবেদনকারীর আবেদন সফলভাবে দাখিলের পর ভুল তথ্য প্রদান/অসম্পূর্ণ তথ্য প্রদানের, কারণে প্রত্যাখ্যাত (Declined) হলে প্রদত্ত আবেদন ফি ফেরতযোগ্য হবে না।**